অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সতর্কতার তাগিদ দিলেন যেহেতু আবহাওয়া ব্যবস্থা মিশ্র বর্ষণ এবং জমাট বরফের বন্যার সম্ভাবনা নিয়ে আসবে

শুক্রবার পর্যন্ত পশ্চিম নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক,সাউদার্ন টিয়ার, নর্থ কান্ট্রি, এবং ক্যাপিটাল রিজিওনের কিছু অংশে বন্যা নজরদারি বর্তমানে কার্যকর আছে

উষ্ণ তাপমাত্রার ফলে অপেক্ষাকৃত ঠাণ্ডা বাতাসের সৃষ্টি হবে যেহেতু ঝড় নর্থ কান্ট্রি এবং পশ্চিম নিউ ইয়র্কের তুষার এবং স্টেটের দক্ষিণ অংশে বরফের মতো ঠাণ্ডা বৃষ্টি ও বৃষ্টি নিয়ে

স্টেটের এজেন্সিগুলি সম্ভাব্য জমাট বরফ পর্যবেক্ষণ করছে এবং বন্যাপ্রবণ এলাকাসমূহে সম্পদ আগে থেকেই নিযুক্ত করে রাখছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে সম্ভাব্য জমাট বরফের বন্যার প্রস্তুতি নেওয়ার তাগিদ দিয়েছেন, যেহেতু উষ্ণতর তাপমাত্রা, বৃষ্টি এবং গলে যাওয়া বরফের ফলে লেক, ঝর্ণা, যদি, এবং নিচু বন্যাপ্রবণ এলাকায় শুক্রবার পর্যন্ত বন্যা হবে বলে আশঙ্কা করা যাচ্ছে। জমাট বরফ থেকে বন্যার সবথেকে বড় ঝুঁকি হলো একাধিক আপস্টেট অঞ্চলে, বিশেষ করে পশ্চিম নিউ ইয়র্ক, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সাউদার্ন টিয়ার, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি, এবং ক্যাপিটাল রিজিওনে বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার পর্যন্ত। একাধিক স্টেট এজেন্সি ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে জমাট বরফ এবং সম্ভাব্য বরফ জমে যাওয়ার পর্যবেক্ষণ করছে এবং জমাট বরফ ও বন্যার ক্ষতি প্রশমন করতে প্রয়োজনমতো সম্পদ নিযুক্ত করছে। এলাকাসমূহের বাসিন্দারা যারা জমাট বরফ বন্যা কবলিত হওয়ার ঝুঁকিতে আছে, তাদের এখনই প্রস্তুত হওয়া উচিত এবং সর্বশেষ পরিস্থিতি জানার জন্য স্থানীয় আবহাওয়া পূর্বাভাস পর্যবেক্ষণ করা উচিত।

"আমাদের দলগুলি বিপর্যয়কারী পরিস্থিতি পর্যবেক্ষণ করছে, যেহেতু আগামী দুই দিনের বৃষ্টিপাত এবং উষ্ণ আবহাওয়া বরফ গলিয়ে দিবে এবং এর ফলে জমাট বরফ ও বন্যার সম্ভাবনা রয়েছে," **গভর্নর হোকল বলেন।** স্টেটের আইস জ্যাম টাস্ক ফোর্স (Ice Jam Task Force) স্টেটব্যাপী পরিস্থিতির উপর কড়া নজর রাখছে এবং যেকোনও সম্ভাব্য ও বিদ্যমান জমাট বরফ বন্যার ব্যাপারে সহায়তা করার জন্য স্থানীয় সরকারগুলির সাথে যোগাযোগ রাখছে।" আমি বন্যাপ্রবণ এলাকার নিউ ইয়র্কবাসীদের আবহাওয়ার ব্যাপারে সর্বশেষ খবর রাখার জন্য এবং নিজেকে,

নিজের পরিবারকে, এবং নিজের সম্পত্তি সুরক্ষিত রাখতে পদক্ষেপ নেওয়ার তাগিদ প্রদান করছি।"

জমাট বরফের কারণ হতে পারে যখন ভাসবেন বরফের টুকরা একটি যদি বা ঝর্ণার প্রবাহ আটকে দেয়, ফলে প্রবাহের উপরে বা নিচে বন্যা হতে পারে। বরফের প্রতিবন্ধকতা দ্বারা একটা থাকা পানি প্রবাহের উপরের দিকে বন্যা সৃষ্টি করতে পারে এবং উষ্ণতর আবহাওয়ার কারণে গেলে যাওয়া জমাট বরফ প্রবাহের নিচের দিকেও বন্যা সৃষ্টি করতে পারে। আকস্মিক বন্যা এবং জমাট বরফ অগ্রাহ্য করলে এগুলি নিজেরাই উল্লেখযোগ্য সম্পদের ক্ষয়ক্ষতি করতে পারে।

স্থানীয় সরকারগুলিকে জমাট বরফ অপসারণের জন্য অনুমতি সহায়তার জন্য ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। সরঞ্জাম অনুরোধ এবং অন্যান্য সহায়তার জন্য, স্থানীয় সরকারসমূহের উচিত তাদের কাউন্টির জরুরি ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করা, যে স্টেটের মাধ্যমে অনুরোধ কার্যকর করবে।

আজকে এবং আগামীকাল স্টেটের মধ্যে দিয়ে একটি আবহাওয়া ব্যবস্থা চলাচল করবে এবং এটি তুষার, বৃষ্টি, এবং তীব্র বাতাসের মিশ্রণ নিয়ে আসবে যার ফলে শুক্রবার রাত পর্যন্ত সম্ভাব্য বন্যা, চলাচলে ক্ষতি, এবং বিভিন্ন জায়গায় বিদ্যুৎ বিভ্রাট হতে পারে।বেশির ভাগ এলাকা প্রথমে উষ্ণ তাপমাত্রা এবং বৃষ্টিপাত দেখবে, যার ফলে নদীর বরফ ভেঙ্গে যাবে, এবং পরবর্তীতে ঘণ্টায় 55 মাইল গতির তীব্র বাতাস এবং অপেক্ষাকৃত ঠাণ্ডা তাপমাত্রার ফলে মিশ্র বর্ষণ এবং রাস্তায় বরফ অবস্থার সৃষ্টি হতে পারে। পশ্চিম নিউ ইয়র্কের অবস্থানসমূহে বন্যার ঝুঁকি সর্বোচ্চ, বিশেষ করে বাফেলো এবং ক্যাটারাগাস ক্রিকের মতো বন্যাপ্রবণ এলাকাসমূহে, যেখানে শুক্রবার রাত পর্যন্ত 1.5 ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে। নর্থ কান্ট্রির অংশবিশেষে 10 ইঞ্চি পর্যন্ত তুষারপাত এবং 1/10 পর্যন্ত বরফ জমা সম্ভব।

স্টেটব্যাপী শুক্রবার পর্যন্ত বিভিন্ন ধরনের বিপর্যয়কারী পরিস্থিতির জন্য একাধিক আবহাওয়া সতর্কতা, নজরদারি, এবং আনুষ্ঠানিক সতর্কতাসমূহ জারি করা হয়েছে আবহাওয়া সতর্কতা ও পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা দেখার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইটhttps://alerts.weather.gov. পরিদর্শন করুন।

এজেন্সির প্রস্তুতি

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC মিউনিসিপ্যাল কর্মকর্তাদের অবিলম্বে বন্যাপ্রবণ এলাকাসমূহে সম্ভাব্য জমাট বরফের জন্য স্থানীয় মূল্যায়ন করতে এবং যেকোনও জমে থাকা বরফ বা কাঠের রাবিশ অপসারণ করতে উৎসাহিত করছে। রাবিশ অপসারণ করতে DEC-র অনুমতি ও অনুমোদনের প্রয়োজন হবে না যদি না রাবিশ অপসারণের ফলে বা ভারী সরঞ্জাম ব্যবহারে ফলে ঝর্ণার তীর বা তলদেশ ক্ষতিগ্রস্ত হয়। মিউনিসিপ্যালিটি এবং স্থানীয় সরকারগুলিকে যে কোনও সহায়তা প্রয়োজন হলে বা অনুমতি প্রয়োজন কিনা তা নির্ণয়ে সাহায্যের জন্য DEC-র আঞ্চলিক অনুমতি প্রশাসকদের

(Regional Permit Administrators) https://www.dec.ny.gov/about/39381.htmlসাথে যোগাযোগ করা।

কোনও জরুরি পরিস্থিতিতে, DEC একটি ব্যক্তিগত অনুমতির পরিবর্তে ত্বরান্বিতভাবে প্রকল্পের অনুমোদন ত্বরান্বিত করতে জরুরি অনুমোদন (Emergency Authorizations) প্রদান করার জন্য প্রস্তুত আছে, এবং সাধারণত এই অনুমোদন 24 ঘণ্টার মধ্যে প্রদান করা যায়। জীবন, স্বাস্থ্য, জনকল্যাণ, সম্পদ, বা প্রাকৃতিক সম্পদ তাৎক্ষণিকভাবে রক্ষার জন্য জরুরি পরিস্থিতি মনে হলে DEC জরুরি অনুমোদন প্রদান করে। পরিবেশ রক্ষার জন্য উপযুক্ত শর্ত সহ জরুরি অনুমোদন প্রদান করা হয়। আরো তথ্য পাওয়া যাবে DEC-এর ওয়েবসাইটে এখানে।https://www.dec.ny.gov/permits/96337.html.

বন্যা ও জমাট বরফের সাড়াদানের জন্য DEC পুরো স্টেটে তাদের অংশীদার এজেন্সি এবং স্থানীয়দের সাথে কাজ করে যাচ্ছে। জমাট বরফের অবস্থা যাচাইয়ে সহায়তার জন্য DEC ড্রোন নিয়োজিত করছে। DEC-র বিশেষজ্ঞরা বন্যাপ্রবণ এলাকা সনাক্ত করছে, যার মধ্যে রয়েছে ক্রিক ও ঝর্ণা, যেখানে গলে যাওয়া তুষার এবং বৃষ্টির কারণে ক্ষতিকারক বন্যা হতে পারে। DEC ঝর্ণার মাত্রার পূর্বাভাস এবং ক্রিক, ঝর্ণা, ও নদীর বন্যা গজ পর্যবেক্ষণ করছে যাতে বন্যার ঝুঁকি যাচাই করতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটে DEC-র বহাল রাখা ও পরিচালনা করা 106টি বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহের (Flood Control Projects) যেকোনওটিকে সক্রিয় করবে এমন সম্ভাব্য বন্যার সাড়াদান করে। উপরন্তু, DEC ঝুঁকিপূর্ণ পরিস্থিতির ভিত্তিতে পুরো স্টেটের বর্জ্য পানি ব্যবস্থাপনার প্ল্যান্ট পর্যবেক্ষণ করছে এবং কর্মীরা বন্যার ফলে যেকোনও জরুরি অবস্থার প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত।
স্থানীয় কর্মকর্তা ও জরুরি ব্যবস্থাপকদের সংস্থানের বিষয়ে আরো তথ্য জানতে, DEC-এর ওয়েবসাইটে যান এখানেhttps://www.dec.ny.gov/lands/115140.html।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)
হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) সহায়তার অনুরোধ পেলে সাড়াদান করতে তৈরি আছে স্টকপাইল করা সম্পদ নিয়ে:

- 1,400টিও বেশি জেনারেটর
- 1,000টির বেশি পাম্প
- 17টি স্যান্ডব্যাগার
- 1.5 মিলিয়নের বেশি বালির বস্তা
- 35,000 ফুটের বেশি অ্যাকোয়াডাম

পরিবহন বিভাগ
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট(Department of Transportation, DOT) কর্মীরা সতর্ক আছে এবং বন্যা আক্রান্ত যেকোনও ঘটনায় দ্রুত সাড়াদানের জন্য স্টেটের ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করছে। অধিদপ্তরের কর্মীরা সক্রিয়ভাবে সমস্যার এলাকা পর্যবেক্ষণ

করছে এবং বন্যা প্রভাব প্রশমিত করার জন্য প্রয়োজন মত পদক্ষেপ নিচ্ছে। আঞ্চলিক দ্রুত সাড়াদানকারী কর্মীরা এবং ট্র্যাফিক সিগন্যালের কারিগরেরা সম্ভাব্য ক্ষতিগ্রস্ত এলাকাসমূহ, যেমন মোহক ভ্যালি, হাডসন ভ্যালি এবং লং আইল্যান্ডে প্রস্তুত থাকবে। এছাড়াও মোহক ভ্যালিতে ক্ষতি যাচাইকরণ/পরিস্থিতির সচেতনতা দলসমূহ (Damage Assessment/Situational Awareness Teams) একত্র করা হয়েছে এবং সাড়াদানে প্রস্তুত আছে।পাঁচটি দীর্ঘবাহুর এক্সক্যাভেটর নিচের পাঁচটি অবস্থানে সম্ভাব্য জমাট বরফ ভাঙ্গতে সাহায্য করার জন্য কৌশলগতভাবে স্থাপন করা হচ্ছে: ওয়ারেন্সবার্গ, ইউটিকা, হ্যামবার্গ, ম্যালোন, এবং বিংহ্যামটন। মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY দেখতে বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। ব্যবস্থাটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কিনা তা নির্ধারণ করতে একটা দরকারি সংস্থান সরবরাহ করে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) কর্মীরা সক্রিয়ভাবে ড্রেনেজ ব্যবস্থা পরীক্ষা করছে এবং আমাদের ব্যবস্থায় সম্ভাব্য বন্যা বা জমাট বরফের জন্য পর্যবেক্ষণ করছে। থ্রুওয়ে অথোরিটি স্টেট জুড়ে বন্যাসংক্রান্ত যেকোনো পরিস্থিতির মোকাবেলার জন্য 681 জন অপারেটর ও সুপারভাইজারকে ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাউ/ডাম্প ট্রাক, বড় লোডার, এবং বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের বিকল্প পথ বা রাস্তা বন্ধের উপলভ্য ট্র্যাফিক সাইন ও অন্যান্য ট্র্যাফিক নিয়ন্ত্রণ যন্ত্রসহ প্রস্তুত রেখেছে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে। প্রকৃত-সময়ের আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য সড়কের ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic ফলো করতে পারেন অথবা thruway.ny.govদেখতে পারেন।

নিউ ইয়র্ক ক্যানাল কর্পোরেশন

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) এবং ক্যানাল কর্পোরেশন (Canal Corporation) স্কেনেকটেডি কাউন্টির ইরি ক্যানাল এবং মোহক নদীতে লক E-7 (নিশকায়ুনা) এবং লক E-8 (রটারড্যাম) এর মধ্যকার বরফের আচ্ছাদন ভাঙ্গতে একটি বরফ ভাঙ্গার টাগবোট নিযুক্ত করেছে। বরফ ভাঙ্গার টাগবোটটির চলাচলের ফলে বরফ নিচে প্রবাহিত হওয়ার একটি খোলা চ্যানেল সৃষ্টি হচ্ছে যাতে করে জমাট বরফের ক্ষতিকর প্রভাব প্রশমিত করা যায়, যার মধ্যে রয়েছে স্থানীয় বন্যা।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট
নিউ ইয়র্কের ইউটিলিটিসমূহ এই শীতকালীন আবহাওয়া ইভেন্টের সম্ভব্য প্রভাব পর্যবেক্ষণ করছে এবং এর জন্য প্রস্তুত আছে। স্টেটব্যাপী প্রায় 6,150 জন ইউটিলিটি কর্মী ঝড় স্টেটের মধ্যে দিয়ে পার হয়ে গেলে এবং কাজ করার জন্য নিরাপদ হলে জরুরি অবস্থায় সাড়াদান, ক্ষতি মূল্যায়ন, অবকাঠামো মেরামত, এবং কাস্টোমার পুনঃস্থাপনের জন্য প্রস্তুত আছে। এজেন্সির কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ
স্টেট ট্রুপাররা জমাট বরফ ও বন্যাপ্রবণ নদী ও ঝর্ণাসমূহ পর্যবেক্ষণ করতে থাকবে। বন্যা হলে কাজে নিয়োজিত হওয়ার জন্য ট্রুপাররা প্রস্তুত আছে।

বন্যার নিরাপত্তা পরামর্শ

- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, কাপড় এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তিসহ সকল মূল্যবান বস্তুর আইটেম অনুযায়ী তালিকা তৈরি করুন, সম্ভব হলে ছবি ও ভিডিও তুলে রাখুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে খাওয়ার পানি সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্নার সরঞ্জাম হাতের কাছে রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানি রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি সম্ভাব্য বন্যা সীমার কত উপরে এবং কত নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার সীমা যখন সম্প্রচার করা হবে, তখন আপনি বন্যাকবলিত হবেন কিনা তা নির্ধারণ করতে পারবেন।
- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি পানিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।
- আপনার বীমার কভারেজ চেক করুন। বাড়ি মালিকানা সংক্রান্ত বীমা পলিসিতে সাধারণত বন্যার ক্ষয়ক্ষতি অন্তর্গত হয় না। শুধু বন্যা বীমাই আপনার বাড়িকে বন্যার ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষা দিবে। আপনি মানচিত্র অনুযায়ী বন্যা এলাকায় না থাকলেও বন্যা বীমা ক্রয় করতে পারবেন।

আবহাওয়া পরিভাষার একটি পূর্ণাঙ্গ তালিকা এবং বন্যার পূর্বে, চলাকালীন ও তার পরবর্তী সময়ে প্রস্তুতি সংক্রান্ত ধারণার জন্য, হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ-এর ওয়েবসাইটটি পরিদর্শন করুন এখানেhttps://www.dhses.ny.gov/flood-safety-tips।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন